

স্বাস্থ্যবিধিতে গুরুত্ব নেই এইচএসসি পরীক্ষার কেন্দ্র

করোনার সংক্রমণ নিয়ে উদ্বেগ



ফাইল ছবি

সমকাল প্রতিবেদক

প্রকাশ: ২৭ জুন ২০২৫ | ০১:১৩ | আপডেট: ২৭ জুন ২০২৫ | ০৬:৫৮

(-) (অ) (+)

এগারো শিক্ষা বোর্ডের অধীনে গতকাল বৃহস্পতিবার একযোগে শুরু হয়েছে এইচএসসি ও সমমান পরীক্ষা। প্রথম দিন
সারাদেশে অনুপস্থিত ছিলেন ১৯ হাজার ৭৫৯ পরীক্ষার্থী। এদিন অসদুপায় অবলম্বনের দায়ে ৪৩ পরীক্ষার্থীকে বাহিকার করা

হয়েছে। এবার দেশের ২ হাজার ৭৯৮টি কেন্দ্রে প্রায় সাড়ে ১২ লাখ পরীক্ষার্থী অংশ নিচ্ছেন। বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটি এ তথ্য জানিয়েছে।

এদিকে, করোনা সংক্রমণ বাড়তে থাকলেও খোদ রাজধানীর অনেক পরীক্ষা কেন্দ্রে স্বাস্থ্যবিধির ব্যাপারে শিক্ষার্থী ও অভিভাবককে উদাসীন দেখা গেছে। পরীক্ষার্থীদের কেন্দ্রে নিয়ে আসা বেশির ভাগ অভিভাবকই ছিলেন মাস্ক ছাড়া। কারও হাতে ছিল না হ্যান্ড স্যানিটাইজার।

সকালে রাজধানীর সিদ্ধেশ্বরী গার্লস কলেজ ও সিদ্ধেশ্বরী কলেজ কেন্দ্র ঘুরে দেখা গেছে, অধিকাংশ পরীক্ষার্থীই মাস্কবিহীন অবস্থায় কেন্দ্রে ঢুকছেন। এমনকি দায়িত্বে থাকা কর্মকর্তা-কর্মচারীদেরও স্বাস্থ্যবিধি মানতে দেখা যায়নি।

সিদ্ধেশ্বরী কলেজ কেন্দ্রের গেটে কর্তব্যরত নিরাপত্তাকর্মীরা জানান, অনেকে মাস্ক পরলেও বেশির ভাগই স্বাস্থ্যবিধি মানছেন না। বারবার অনুরোধ করেও তেমন ফল পাওয়া যাচ্ছে না।

সরকার নির্ধারিত স্বাস্থ্যবিধি অনুযায়ী পরীক্ষার সময় যা যা মানার কথা ছিল, বাস্তবে এর অনেক কিছুই ছিল অনুপস্থিত। এবার নির্ধারিত সাতটি স্বাস্থ্যবিধি মেনে চলার নির্দেশনা ছিল। তবে রাজধানীর বেশির ভাগ পরীক্ষা কেন্দ্রে মাস্ক ব্যবহার ও হ্যান্ড স্যানিটাইজারের কোনো ব্যবস্থা ছিল না। কোনো মেডিকেল টিমেরও দেখা মেলেনি।

শিক্ষা উপদেষ্টার প্রতিক্রিয়া

রাজধানীর ভাসানটেক সরকারি কলেজ পরিদর্শন শেষে শিক্ষা উপদেষ্টা অধ্যাপক ড. চৌধুরী রফিকুল (সি আর) আবরার বলেন, স্বাস্থ্যবিধি মেনে চলা হচ্ছে। ডেঙ্গু প্রতিরোধেও প্রস্তুতি যথাযথ। ফলে শক্তার কিছু নেই।

তবে সাংবাদিকদের প্রশ্নে তিনি স্বীকার করেন, সব কেন্দ্রীয় শতভাগ নিয়ম মানানো যাচ্ছে না। আমরা ধাপে ধাপে পরিষ্কারির উন্নয়ন করব।

প্রশ্নপত্র ফাঁস রোধে কঠোর নজরদারি রয়েছে বলেও তিনি আশ্বস্ত করেন।

প্রথম দিনে অনুপস্থিত ১৯৭৫৯ পরীক্ষার্থী, বহিকার ৪৩

প্রথম দিন অসদুপায় অবলম্বনের দায়ে বহিকার হওয়া ৪৩ পরীক্ষার্থীর মধ্যে ছয়জন এইচএসসির, ২৪ জন আলিমের ও ১৩ জন কারিগরিল।

বোর্ডগুলোর দেওয়া তথ্যমতে, অনুপস্থিত ১৯ হাজার ৭৫৯ পরীক্ষার্থীর মধ্যে ঢাকা শিক্ষা বোর্ডে ৩ হাজার ৩২৬ জন, রাজশাহীতে ১ হাজার ৮৬৭, কুমিল্লায় ২ হাজার ৪২৮, যশোরে ১ হাজার ৬৩৮, চট্টগ্রামে ১ হাজার ২৩০, সিলেটে ৮২৪, বরিশালে ১ হাজার ২৯, দিনাজপুরে ১ হাজার ২৯১ ও ময়মনসিংহে ৮৮০ জন রয়েছেন।

মাদ্রাসা বোর্ডের অধীন আলিম পরীক্ষায় প্রথম দিনে অনুপস্থিত ছিলেন ৪ হাজার ১৯৬ জন এবং কারিগরি বোর্ডে ১ হাজার ৫০ জন পরীক্ষায় অংশ নেননি। শতাংশের হিসাবে সবচেয়ে বেশি অনুপস্থিতি মাদ্রাসা বোর্ডে। এ বোর্ডে অনুপস্থিতির হার ৪ দশমিক ৯৮ শতাংশ।